

বিঃদ্রঃ
পৃষ্ঠা ৩

জাতীয় গ্রন্থকেন্দ্রের গ্রন্থ প্রকাশনা পুরস্কার ২০০১

জাতীয় গ্রন্থকেন্দ্র প্রতিবছর দেশের গ্রন্থ প্রকাশনার মানোন্নয়নে উৎসাহ দেয়ার লক্ষ্যে গ্রন্থের মুদ্রণ, অঙ্গসৌষ্ঠব ও গঠনসৌকর্য এবং প্রচ্ছদ অঙ্কনের জন্য পুরস্কার প্রদান করে থাকে। দু'টি শাখায় সাধারণ গ্রন্থ এবং শিশু-কিশোর গ্রন্থের জন্য এ পুরস্কার দেয়া হয়। সম্মতি ২০০১ সালের প্রকাশিত গ্রন্থের জন্য পুরস্কার ঘোষণা করা হয়েছে। গ্রন্থের উন্নতমানের মুদ্রণ, অঙ্গসৌষ্ঠব ও গঠনসৌকর্য বিষয় পুরস্কার পাবেন প্রকাশক এবং প্রচ্ছদ অঙ্কনের জন্য পুরস্কার পাবেন গ্রন্থের প্রচ্ছদ শিল্পী।

সাধারণ বিভাগে 'বাংলার বনফুল' গ্রন্থের জন্য প্রথম পুরস্কার পেয়েছে সাহিত্য প্রকাশ। দ্বিতীয় পুরস্কার পেয়েছে ইউনিভার্সিটি প্রেস লিমিটেড '1971 and Selected Stories' গ্রন্থের জন্য। এ বিভাগে শ্রেষ্ঠ প্রচ্ছদ অঙ্কনে 'কর্ণফুলী' গ্রন্থের জন্য প্রথম পুরস্কার পেয়েছেন সিকদার আবুল বাসার। 'Better Days Better lives' গ্রন্থের প্রচ্ছদ অঙ্কনের জন্য দ্বিতীয় পুরস্কার পেয়েছেন আনোয়ার ফারুক।

শিশুতোষ গ্রন্থ বিভাগে মুদ্রণ, অঙ্গসৌষ্ঠব ও গঠনসৌকর্যের জন্য প্রথম পুরস্কার পেয়েছে ইনার ফোর্স, বাংলাদেশ। 'নিজেই করো' বইটির জন্য দ্বিতীয় পুরস্কার পেয়েছে বাংলাদেশ শিশু একাডেমী। এ বিভাগে 'পাখির পরিচয়' গ্রন্থের প্রচ্ছদ অঙ্কনের জন্য প্রথম পুরস্কার পেয়েছেন পিয়ার মোহাম্মদ।